GST ADMISSION

# ভর্তি নির্দেশিকা

## GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষা সংক্রান্ত

## শিক্ষাবর্ষ : ২০২০-২০২১

www.gstadmissionacbd.org

২০২০-২০২১ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত ২০টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে একটিমাত্র সমন্বিত ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীরা স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তির সুযোগ পাবে। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে প্রার্থী পছন্দ মোতাবেক আবেদন করতে পারবে। নির্ধারিত বিশ্ববিদ্যালয়ের যোগ্যতা অনুসারে প্রার্থী আবেদন করবে। প্রত্যেক শিক্ষার্থী তার এইচএসসি/সমমান পরীক্ষার শাখা (বিজ্ঞান, মানবিক, বাণিজ্য) মোতাবেক (একটি মাত্র) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে। দুটি পর্যায়ে আবেদন করতে হবে-

(১) প্রাথমিক আবেদন;

(২) চূড়ান্ত আবেদন (প্রাথমিক আবেদনের ভিত্তিতে চূড়ান্ত আবেদনের যোগ্য হিসাবে বিবেচিত হলে)।

### ১। প্রাথমিক আবেদন :

২০১৭ ও ২০১৮ সালের এসএসসি/সমমান এবং ২০১৯ ও ২০২০ সালের এইচএসসি/সমমান, ডিপ্লোমা-ইন-কমার্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ভোকেশনাল), A লেভেল এবং অন্যান্য সমমান পরীক্ষায় [সমমান নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদনক্রমে] উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল ভর্তি পরীক্ষার জন্য প্রাথমিক আবেদন করতে পারবে। বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা নির্ধারিত যোগ্যতা সাপেক্ষে যথাক্রমে ইউনিট-A, ইউনিট-B ও ইউনিট-C-এ আবেদন করতে পারবে। ইউনিট ভিত্তিক প্রাথমিক আবেদনের যোগ্যতা নিম্নরূপ :

**ইউনিট-A :** বিজ্ঞান শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৮.০০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখাসহ মাদ্রাসা বোর্ড (বিজ্ঞান) এবং ভোকেশনাল (এইচএসসি) বিজ্ঞান শাখা হিসাবে বিবেচিত হবে।

**ইউনিট-B :** মানবিক শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০সহ সর্বমোট জিপিএ ৭.০০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক শাখাসহ মিউজিক, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা বোর্ড (সাধারণ, মুজাব্বিদ) মানবিক শাখা হিসাবে বিবেচিত হবে।

**ইউনিট-C :** বাণিজ্য শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৭.৫০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের বাণিজ্য শাখাসহ ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ, ব্যবসায় ব্যবস্থাপনা (এইচএসসি) এবং ডিপ্লোমা ইন কমার্স বাণিজ্য শাখা হিসাবে বিবেচিত হবে।

জিসিই-এর ক্ষেত্রে আইজিসিএসই (ও লেভেল) পরীক্ষায় কমপক্ষে ৩টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাস এবং আইএএল (এ লেভেল) পরীক্ষায় কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাস থাকতে হবে। এক্ষেত্রে সরাসরি আবেদনের মাধ্যমে সমমান ও যোগ্যতা নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদনক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন করতে হবে। সমমান নির্ধারণের লক্ষ্যে সরাসরি রেজিস্ট্রার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-এ যোগাযোগ করতে হবে।

প্রাথমিক আবেদন করার পদ্ধতি GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (www.gstadmission.ac.bd)-এ পাওয়া যাবে।

## ২। চূড়ান্ত আবেদন :

প্রাথমিক ভাবে আবেদনকৃত শিক্ষার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার ফলের ভিত্তিতে ইউনিট ভিত্তিক চূড়ান্ত আবেদনের জন্য শিক্ষার্থী নির্বাচিত হবে। চূড়ান্ত আবেদনের তালিকা প্রস্তুত পদ্ধতি নিম্নে প্রদত্ত হলো :

### ইউনিট-A (বিজ্ঞান শাখা) :

| বাছাইয়ের শর্ত | জিপিএ (৪র্থ বিষয়সহ) (এইচএসসি ৬০%+এসএসসি ৪০%) | নম্বর (৪র্থ বিষয়সহ) (এইচএসসি ৬০%+ এসএসসি ৪০%) | এইচএসসি পদার্থবিদ্যা | | এইচএসসি রসায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | জিপি | নম্বর | জিপি | নম্বর |
| বাছাইক্রম | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

### ইউনিট-B (মানবিক শাখা) :

| বাছাইয়ের শর্ত | জিপিএ (৪র্থ বিষয়সহ) (এইচএসসি ৬০%+এসএসসি ৪০%) | নম্বর (৪র্থ বিষয়সহ) (এইচএসসি ৬০%+ এসএসসি ৪০%) | এইচএসসি বাংলা | | এইচএসসি ইংরেজি | |
|---|---|---|---|---|---|---|
| | | | জিপি | নম্বর | জিপি | নম্বর |
| বাছাইক্রম | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

### ইউনিট- C (বাণিজ্য শাখা) :

| বাছাইয়ের শর্ত | জিপিএ (৪র্থ বিষয়সহ) (এইচএসসি ৬০%+এসএসসি ৪০%) | নম্বর (৪র্থ বিষয়সহ) (এইচএসসি ৬০%+ এসএসসি ৪০%) | এইচএসসি বাংলা | | এইচএসসি ইংরেজি | |
|---|---|---|---|---|---|---|
| | | | জিপি | জিপি | জিপি | নম্বর |
| বাছাইক্রম | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

উল্লেখিত সর্বোচ্চ ৬ বাছাইয়ের মানদন্ড ক্রমানুসারে (১ হতে ৬) ব্যবহার করে প্রাথমিক আবেদনকারীদের তালিকা প্রস্তুত করা হবে। প্রতিটি ইউনিটে নির্দিষ্ট সংখ্যক শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। নির্ধারিত সময়ে চূড়ান্ত আবেদন সম্পন্ন করতে হবে। অন্যথায় পরবর্তী তালিকা হতে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষার্থীকে চূড়ান্ত আবেদনের সুযোগ দেওয়া হবে। প্রতিটি ইউনিটে আবেদন ফি ৫০০.০০ (পাঁচশত) টাকা মাত্র মোবাইল ব্যাংকিং (বিকাশ, রকেট, নগদ, টেলিটক)-এর মাধ্যমে প্রদান করতে হবে। চূড়ান্ত আবেদন পদ্ধতির বিস্তারিত যথাসময়ে GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (www.gstadmission.ac.bd)-এ প্রকাশ করা হবে।

চূড়ান্ত আবেদনের সময় শিক্ষার্থীদের ২৮টি পরীক্ষা কেন্দ্রের মধ্যে ন্যূনতম ৫টি কেন্দ্র পছন্দের তালিকায় রাখতে হবে। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান কোর্সের শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থান, এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বর, পাসের বছরসহ সংশ্লিষ্ট বিষয়াদি বিবেচনা পূর্বক নিম্নে উল্লেখিত পদ্ধতিতে প্রতিটি শিক্ষার্থীর জন্য একটি কেন্দ্র-নির্ধারণী স্কোর (সর্বোচ্চ ১০০) প্রস্তুত করা হবে :

| | |
|---|---|
| ১। স্কুলের অবস্থান (কেন্দ্র হতে দূরত্ব) : | ২০ (সর্বোচ্চ) |
| ২। কলেজের অবস্থান (কেন্দ্র হতে দূরত্ব) : | ৩০ (সর্বোচ্চ) |
| ৩। প্রাপ্ত নম্বর SSC: | ১০ (সর্বোচ্চ) |
| ৪। প্রাপ্ত নম্বর HSC: | ২০ (সর্বোচ্চ) |
| ৫। HSC পাসের বছর (২০১৯-০৫, ২০২০-১০) : | ১০ (সর্বোচ্চ) |
| ৬। ছেলে/মেয়ে (ছেলে- ০৫, মেয়ে- ১০) : | ১০ (সর্বোচ্চ) |

প্রাপ্ত স্কোর ও কেন্দ্রের পছন্দক্রমের ভিত্তিতে প্রত্যেক শিক্ষার্থীর পরীক্ষা কেন্দ্র নির্ধারণ করা হবে। নির্ধারিত পরীক্ষা কেন্দ্র পরিবর্তনের কোন সুযোগ নাই।

GST ADMISSION

### ৩। ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলি : www.gstadmissionacbd.org

প্রত্যেক শিক্ষার্থীকে নির্ধারিত কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রতিটি ইউনিটে ১ ঘণ্টায় ১০০ নম্বরের MCQ পরীক্ষা অনুষ্ঠিত হবে। যে কোন ইউনিট (A/B/C)-এর পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত শর্ত সাপেক্ষে অন্যান্য ইউনিটের সংশ্লিষ্ট বিষয়সমূহে ভর্তির আবেদনের জন্য বিবেচিত হবে। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ নিম্নে প্রদত্ত হলো :

| ইউনিট | পরীক্ষার বিষয় ও নম্বর | | | |
|---|---|---|---|---|
| | | বিষয় | নম্বর | মোট নম্বর |
| ইউনিট-A (বিজ্ঞান শাখা) | আবশ্যিক | পদার্থবিদ্যা | ২০ | ৬০ |
| | | রসায়ন | ২০ | |
| | | বাংলা | ১০ | |
| | | ইংরেজি | ১০ | |
| | ঐচ্ছিক (যে কোন দুটি) | গণিত | ২০ | ৪০ |
| | | জীববিদ্যা | ২০ | |
| | | আইসিটি | ২০ | |
| | | | সর্বমোট | ১০০ |
| | | বিষয় | নম্বর | মোট নম্বর |
| ইউনিট-B (মানবিক শাখা) | আবশ্যিক | বাংলা | ৪০ | ১০০ |
| | | ইংরেজি | ৩৫ | |
| | | আইসিটি | ২৫ | |
| | | | সর্বমোট | ১০০ |
| | | বিষয় | নম্বর | মোট নম্বর |
| ইউনিট-C (বাণিজ্য শাখা) | আবশ্যিক | হিসাব বিজ্ঞান | ২৫ | ১০০ |
| | | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | ২৫ | |
| | | বাংলা | ১৩ | |
| | | ইংরেজি | ১২ | |
| | | আইসিটি | ২৫ | |
| | | | সর্বমোট | ১০০ |

### ৪। পরীক্ষার সময়সূচি :

| সময় / তারিখ | ১৯/০৬/২০২১ | ২৬/০৬/২০২১ | ০৩/০৭/২০২১ |
|---|---|---|---|
| দুপুর ১২:০০ হতে দুপুর ০১:০০ | ইউনিট-A (বিজ্ঞান) | ইউনিট-B (মানবিক) | ইউনিট-C(বাণিজ্য) |

### ৫। গুরুত্বপূর্ণ তারিখসমূহ :

| | |
|---|---|
| প্রাথমিক আবেদন | ০১-০৪-২০২১ তারিখ দুপুর ১২.০০ টা হতে ১৫-০৪-২০২১ তারিখ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত। |
| প্রাথমিক আবেদনের ফলাফল | এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে পরবর্তী সময়ে জানিয়ে দেওয়া হবে। |
| চূড়ান্ত আবেদন | এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে পরবর্তী সময়ে জানিয়ে দেওয়া হবে। |

### ৬। পরীক্ষার ফল :

প্রতিটি ইউনিটের ফলাফল GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (www.gstadmission.ac.bd)-এ প্রকাশ করা হবে। GST গুচ্ছভুক্ত প্রতিটি বিশ্ববিদ্যালয় আলাদা ভাবে ভর্তি বিজ্ঞপ্তির মাধ্যমে নিজেদের শর্ত উল্লেখসহ দরখাস্ত আহ্বান করবে। শুধুমাত্র GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরাই যোগ্যতা থাকা সাপেক্ষে নির্ধারিত বিশ্ববিদ্যালয়ে আবেদন করতে পারবে। **ইউনিট ভিত্তিক মেধাক্রম অনুসারে বিশ্ববিদ্যালয়গুলো নিজ নিজ ব্যবস্থাপনায় ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।**

**ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে "GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটি (২০২০-২০২১)"-র সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

GST ADMISSION

www.gstadmissionacbd.org

## ৭। GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের নাম :

১. জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা ২. ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া ৩. শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট ৪. খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা ৫. হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর ৬. মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল ৭. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী ৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী ৯. কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা ১০.জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ ১১.যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর ১২. বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর ১৩. পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা ১৪. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ ১৫. বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল ১৬. রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি ১৭. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, সিরাজগঞ্জ ১৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ, গাজীপুর ১৯. শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোনা ২০. বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জামালপুর।

## ৮। পরীক্ষার কেন্দ্রসমূহ :

**১.** জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা **২.** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ **৩.** ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া **৪.** শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট **৫.** খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা **৬.** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর **৭.** হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর **৮.** মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল **৯.** পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী **১০.** শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা **১১.** চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম **১২.** রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী **১৩.** খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা **১৪.** ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর **১৫.** নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী **১৬.** কুমিল্লা বিশ্বদ্যিালয়, কুমিল্লা **১৭.** জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ **১৮.** চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম **১৯.** সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট **২০.** পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা **২১.** বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর **২২.** যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর **২৩.** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ **২৪.** বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল **২৫.** রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি **২৬.** খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা **২৭.** শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোনা **২৮.** বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জামালপুর।

**প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান**
রেজিস্ট্রার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়
এবং সচিব GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটি (২০২০-২০২১)

www.gstadmissionacbd.org